

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান বন সংরক্ষকের দপ্তর

বন অধিদপ্তর

বন ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

শেখ হাসিনার নির্দেশ  
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ।

বিজ্ঞপ্তি

রচনা প্রতিযোগিতা

বন অধিদপ্তর কর্তৃক আয়োজিত জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা ২০২৩ উপলক্ষ্যে বৃক্ষরোপণ, সংরক্ষণ ও বৃক্ষের উপকারিতা সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের মধ্যে রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। আগ্রহী ছাত্র/ছাত্রীদেরকে নিম্নবর্ণিত নিয়মাবলী ও শর্ত মোতাবেক ৩(তিন)টি গ্রুপে রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

গ্রুপ	রচনার বিষয়বস্তু	সর্বোচ্চ শব্দ সংখ্যা
১	গ্রুপ (ক) : স্কুল/মাদ্রাসা পর্যায়ে অধ্যয়নরত “গাছ লাগিয়ে যত্ন করি, সুস্থ প্রজন্মের দেশ গড়ি।”	৫০০
২	গ্রুপ (খ) : কলেজ/সিনিয়র মাদ্রাসা পর্যায়ে অধ্যয়নরত “গাছ লাগিয়ে যত্ন করি, সুস্থ প্রজন্মের দেশ গড়ি।”	৭৫০
৩	গ্রুপ (গ) : বিশ্ববিদ্যালয় কলেজ/বিশ্ববিদ্যালয় পর্যায়ে অধ্যয়নরত “গাছ লাগিয়ে যত্ন করি, সুস্থ প্রজন্মের দেশ গড়ি।”	১০০০

শর্তাবলী/নিয়মাবলী :

- আগ্রহী ছাত্র/ছাত্রীদেরকে বাংলা অথবা ইংরেজী ভাষায় উল্লিখিত বিষয়ে রচনা স্বহস্তে লিখতে হবে এবং রচনা অবশ্যই নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক সুপারিশকৃত হতে হবে।
- সুপারিশকৃত রচনার ২ (দুই) কপি এবং পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি সত্যায়িত ছবিসহ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে অথবা সরাসরি নিম্ন ঠিকানায় আগামী ৩১/০৫/২০২৩ খ্রি. তারিখের মধ্যে অবশ্যই পৌঁছাতে হবে। বিলম্বে পৌঁছলে রচনা সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- প্রতিযোগীর নাম, শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা, শ্রেণী, পিতা/মাতা/অভিভাবকের নাম ও যোগাযোগের ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর ইংরেজী ও বাংলায় আলাদা কাগজে লিপিবদ্ধ করে রচনার সঙ্গে পাঠাতে হবে।
- খানের উপর প্রতিযোগিতার “গ্রুপ” উল্লেখ করে এবং রচনা প্রতিযোগিতা কথাটি লিখতে হবে। প্রত্যেক “গ্রুপ” এ যারা প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকার করে বিজয়ী হবেন তাদেরকে পুরস্কার প্রদান করা হবে।

রচনা প্রেরণের ঠিকানা :

লিগ্যাল ইউনিট, কক্ষ নং-৪০১, বন ভবন,  
শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭  
ফোন : ০২-৫৫০০৬৭৮০  
ই-মেইল : [legalunit402@gmail.com](mailto:legalunit402@gmail.com)

৭/৫/২০২৩  
(মোঃ এনায়েত হক ডুইয়া)  
উপবন সংরক্ষক  
লিগ্যাল ইউনিট  
বন ভবন, আগারগাঁও, ঢাকা

ও  
সদস্য-সচিব

রচনা প্রতিযোগিতা আয়োজক উপ-কমিটি  
জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা ২০২৩